

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল ও এক্সেল শাখা

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬০.১৫.০০৮.২০-১৬০

তারিখঃ ১০-০৪-২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সুনামগঞ্জ সড়ক বিভাগাধীন পাগলা-জগন্নাথপুর-রাণীগঞ্জ-আউশকান্দি (আর-২৪১) আঞ্চলিক মহাসড়কের রাণীগঞ্জে কুশিয়ারা নদীর উপর নির্মাণাধীন “রাণীগঞ্জ সেতু” ব্যবহারকারী যানবাহন হতে টোল আদায়ের নিমিত্ত টোল নীতিমালা, ২০১৪ অনুযায়ী বিভিন্ন শ্রেণীর যানবাহন চলাচলের জন্য নিম্নরূপভাবে টোল নির্ধারণ করা হল:

ক্রম	যানবাহনের নাম	যানবাহনের বর্ণনা	টোলের হার (টাকা)
ক	ট্রেইলার	কন্টেইনার/ভারী যন্ত্রপাতি/ভারী মালামাল/সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	৩৭৫.০০
খ	হেভী ট্রাক	তিন বা ততোধিক এক্সেল বিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ভ্যান, কন্টেইনারবাহী ট্রাক এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন	৩০০.০০
গ	মিডিয়াম ট্রাক	দুই এক্সেল বিশিষ্ট রিজিড ট্রাক/বাণিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাক্টর ও ট্রেইলার	১৫০.০০
ঘ	বড় বাস	চালক ব্যতিত ৩১ অথবা তদুর্ধ্ব আসন বিশিষ্ট মোটরযান	১৩৫.০০
ঙ	মিনি ট্রাক	৩ টন পর্যন্ত পে-লোড ধারণে সক্ষম যানবাহন	১১৫.০০
চ	কৃষিকাজে ব্যবহৃত যান	পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি	৯০.০০
ছ	মিনিবাস/কোষ্টার	চালক ব্যতিত অনধিক ৩০ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৭৫.০০
জ	মাইক্রোবাস	চালক ব্যতিত অনূন ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৬০.০০
ঝ	ফোর হুইল চালিত যানবাহন	পিক-আপ, কনভারশনকৃত জীপ, রেকার, ফ্রেন ইত্যাদি	৬০.০০
ঞ	সিডান কার	ব্যক্তিগত এবং ভাড়াই চালিত সকল সিডানকার	৪০.০০
ট	৩/৪ চাকার মোটরইঞ্জড যান	অটো টেম্পো, সিএনজি অটোরিক্সা, অটোভ্যান, ব্যাটারী চালিত ৩/৪ চাকার যে কোন ধরনের মোটরইঞ্জড যান	১৫.০০
ঠ	মোটর সাইকেল	দুই চাকা বিশিষ্ট যন্ত্রচালিত যান	১০.০০
ড	রিক্সাভ্যান/রিক্সা/বাই সাইকেল/ঠেলা গাড়ী	মালামাল, যাত্রী পরিবহনে ব্যবহৃত রিক্সা ভ্যান/তিন চাকার যাত্রী সাইকেল রিক্সা/প্যাডেলযুক্ত দ্বিচক্রযান/পশু ও হাতে চালিত টানা/ঠেলাগাড়ী	৫.০০

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

Huda ১০/৪/২২
(ফাহিমদা হক খান)
উপসচিব

o/c